সড়কে প্রাণ হারালেন যুবক

গোপালগঞ্জের সদর উপজেলায় দাঁড়িয়ে থাকা ট্রাকের পেছনে প্রাইভেটকারের ধাক্কায় সেতু বিশ্বাস (৩২) নামে এক যুবক নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন আরও চারজন।

সোমবার রাত সাড়ে ৮টার দিকে ঢাকা-খুলনা মহাসড়কের সদর উপজেলার ডুমদিয়া নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

হতাহতরা সবাই প্রাইভেটকারের যাত্রী এবং গোপালগঞ্জ সদর উপজেলার বিভিন্ন এলাকার বাসিন্দা। আহতদের গোপালগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। গোপালগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার নূর মোহাম্মদ জানান, গোপালগঞ্জ অভিমুখে আসার পথে একটি প্রাইভেটকার ঘটনাস্থলে দাঁড়িয়ে থাকা একটি ট্রাকের পেছনে ধাক্কা দেয়।

এতে প্রাইভেটকারচালকসহ পাঁচজন আহত হন। পরে ফায়ার সার্ভিসের কর্মীরা আহতদের গোপালগঞ্জ জেনারেল হাসপাতালে ভর্তি করে। সেখানে সেতু বিশ্বাস মারা যান।

সুত্র-যুগান্তর

আ’লীগ নেতা এনামুল-রুপনের বাড়িতে মিলল ৫ সিন্দুকভর্তি টাকা

রাজধানীর পুরান ঢাকায় ক্যাসিনোবিরোধী অভিযান চালিয়েছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব- ৩)। এ সময় ক্যাসিনোকাণ্ডে গ্রেফতার গেণ্ডারিয়া থানা আওয়ামী লীগের সহসভাপতি এনামুল হক ও যুগ্ম সাধারণ

সম্পাদক রুপন ভূঁইয়ার বাড়ি থেকে পাঁচটি সিন্দুকভর্তি টাকা, স্বর্ণালঙ্কার, এফডিআর ও ক্যাসিনোসামগ্রী জব্দ করা হয়েছে।

সোমবার দিবাগত রাতে পুরান ঢাকার লালমোহন স্ট্রিটে র্যাবের নির্বাহী ম্যাজিস্ট্রেট সরোয়ার আলমের নেতৃত্বে এ ক্যাসিনোবিরোধী অভিযান চালানো হয়।

জানা যায়, রাত সাড়ে ১২টার দিকে পুরান ঢাকার ১১৯ লালমোহন সাহা স্ট্রিটে ক্যাসিনোকাণ্ডে জড়িত গেণ্ডারিয়া থানা আওয়ামী লীগের সহসভাপতি এনামুল হক ও যুগ্ম সাধারণ সম্পাদক রুপন ভূঁইয়ার বাড়িতে অভিযান চালানো হয়। এ সময় পাঁচ কোটি টাকার এফডিআর ও বিপুল পরিমাণ স্বর্ণালঙ্কার জব্দ করা হয়।

র্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের সিনিয়র সহকারী পরিচালক এএসপি সুজয় সরকার জানান, ঘটনাস্থলে র্যাবের অভিযান এখনও চলছে। এ ঘটনায় এখন পর্যন্ত কাউকে আটক করা হয়নি।

বেলা ১১টায় এ ঘটনার বিস্তারিত তথ্য সংবাদ সম্মেলন করে জানানো হবে বলে জানান র্যাবের সহকারী পরিচালক এএসপি সুজয় সরকার।

.

সূত্র – যুগান্তর

পাপিয়ার জালে ফেঁসে যাওয়া এক প্রভাবশালীই তার বারোটা বাজিয়েছে

সমাজসেবার আড়ালে অসহায় সুন্দরী নারীদের নিয়ে দীর্ঘদিন ধরে দেহব্যবসা এবং অস্ত্র-মাদকসহ বিভিন্ন অনৈতিক কাজ করে আসছিলেন যুবলীগ নেত্রী শামীমা নূর পাপিয়া।

শনিবার দেশত্যাগের সময় পাপিয়াসহ তার চার সহযোগীকে গ্রেফতার করে র্যাব। এর পর থেকেই পাপিয়া ‘টক অব দ্য কান্ট্রি’। তার অপকর্ম নিয়ে গণমাধ্যমসহ বিভিন্ন স্যোশাল মিডিয়ায় সমালোচনার ঝড় বইছে।

ক্ষমতাসীন দলের অনেক নেতার সঙ্গে পাপিয়ার ছবি তোলা নিয়েও শুরু হয়েছে বিতর্ক।

বিষয়টি নিয়ে সামাজিকমাধ্যম ফেসবুকে একটি স্ট্যাটাস দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি নুরুল হক নুর।

সোমবার নিজের পেজ থেকে দেয়া ওই স্ট্যাটাসে নুর বলেন, ‘পাপিয়ার কাছে যেসব প্রভাবশালী ব্যক্তির আকাম-কুকামের ভিডিও পাওয়া গেছে, তাদের পরিচয় কেন প্রকাশ করা হচ্ছে না?

‘শোনা যাচ্ছে– পাপিয়ার জালে ফেঁসে যাওয়া প্রভাবশালীদের কোনো একজনই নাকি পাপিয়ার ঘণ্টা বাজিয়ে দিয়েছেন। আসল ক্লিয়ার সত্যটা কী জানাবেন?’ যোগ করেন ভিপি নুর।

সূত্র-যুগান্তর

রিজভীসহ ৬৯ জনের বিরুদ্ধে হত্যাচেষ্টার মামলা

‘ককটেল বিস্ফোরণ’ ঘটিয়ে পুলিশ সদস্যদের ‘হত্যাচেষ্টার’ অভিযোগে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীসহ ৬৯ জনের বিরুদ্ধে মামলা হয়েছে।

মামলার এজাহারে নাম থাকা ৬৯ জনের উল্লেখযোগ্য কয়েকজন হলেন বিএনপির ক্রীড়া সম্পাদক আমিনুল ইসলাম, ছাত্রদলের সিনিয়র সহসভাপতি

রওনকুল ইসলাম, রূপনগর থানা স্বেচ্ছাসেবক দলের সভাপতি কাউসার হামিদ, স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক ইয়াছিন আলী।

পল্লবী থানায় গত শনিবার পুলিশ বাদী হয়ে মামলাটি করেছে। তবে মামলার পর পুলিশ এখনও কাউকে গ্রেফতার করেনি।

পল্লবী থানার পরিদর্শক মোহাম্মদ এমরানুল ইসলাম মামলার সত্যতা নিশ্চিত করেছেন।

তিনি জানান, অনুমতি ছাড়া মিছিল নিয়ে পুলিশের কাজে বাধা ও হামলা করা এবং ককটেল বিস্ফোরণ ঘটানোর অভিযোগে বিএনপি নেতা রুহুল কবির রিজভীসহ ৬৯ জনের বিরুদ্ধে মামলা হয়েছে।

কারাবন্দি দলের চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির দাবিতে গত শনিবার রাজধানীর মিরপুরে মিছিল করে বিএনপি। রিজভীর নেতৃত্বে মহানগর বিএনপি, যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা মিরপুর ৬ নম্বর কাঁচাবাজার থেকে মিছিল শুরু করেন।

মিছিলটি মিরপুর ১১ নম্বরের দিকে এগোলে পুলিশের বাধা আটকে দেয়। এ সময় পুলিশ লাঠিপেটা করে মিছিল ছত্রভঙ্গ করে দেয়।

ওই ঘটনায় রিজভী ছাড়াও বিএনপির কেন্দ্রীয় নেতা আমিনুল হক, ছাত্রদলের ওমর ফারুক কায়সার, সাইফুল ইসলাম তুহিনসহ অন্তত ১০ আহত হন বলে জানিয়েছিলেন দলটির নেতারা।

তবে ঢাকা মহানগর পুলিশের উপকমিশনার (মিরপুর বিভাগ) মোস্তাক আহমেদ বলেছিলেন, বিএনপি নেতাকর্মীরা পুলিশ দেখে ঘটনাস্থল ত্যাগ করায় তারা কোনো হামলা করেননি।

মামলার এজাহার সূত্রে জানা গেছে, বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের হামলায় এএসআই কামাল হোসেন, কনস্টেবল ফয়জুর রহমান আহত হন।

ঘটনাস্থল থেকে পুলিশ বিস্ফোরিত ককটেলের অংশবিশেষ দুটি চ্যাপ্টা টিনের জর্দার খালি কৌটা, কিছু প্যাঁচানো কালো রঙের স্কচটেপ, কয়েকটি ছোট ছোট পাথরের টুকরা, গাড়ির ভাঙা গ্লাসের অংশবিশেষ, পাঁচটি ভাঙা ইট এবং খালেদা জিয়ার ছবিসহ অন্যান্য ছবিসংবলিত পাঁচটি ফেস্টুন জব্দ করা হয়েছে।

সুত্র-যুগান্তর

দেশকে আরও এক ধাপ উত্তরণে সুশাসন চাই: হাসানুল হক ইনু

জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) সভাপতি হাসানুল হক ইনু এমপি বলেছেন, গণতন্ত্রের সুন্দর বাগানের জন্য বন্য শুকর খোয়াড়ে ঢুকিয়ে অর্থনীতি রক্ষায় দুর্নীতিবাজদের দমন করতে হবে। জঙ্গীবাদের মতোই দুর্নীতির মুলোৎপাটন করে দেশকে আরও এক ধাপ উত্তরণে সুশাসন চাই।

গতকাল রবিবার বিকাল ৪টায় কুষ্টিয়া জেলা জাসদের সভাপতি গোলাম মহসিনের সভাপতিত্বে ৩০তম ত্রি-বার্ষিক জেলা সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন।

হাসানুল হক ইনু বলেন, শেখ হাসিনার নেতৃত্বে গত ১০ বছরে প্রথম পর্ব শেষ করে এখন নতুন পর্বে প্রবেশ করেছে দেশ। বিগত ১০ বছরে জঙ্গীবাদ, আগুন, সন্ত্রাস, নাশকতার বিরুদ্ধে যুদ্ধ শেষে দেশ মুক্তিযুদ্ধের চেতনায় ফিরে এসে এক বিস্ময়কর উন্নয়নের যাত্রা শুরু করেছে।

তিনি বলেন, বিদ্যমান অবস্থায় রাজনীতি, অর্থনীতিতে মৌল গুণগত পরিবর্তন অপরিহার্য হয়ে গেছে। শাসন-প্রশাসন, অর্থনীতি, সংবিধান ও রাজনৈতিক মাঠে শান্তি, যুগোপযোগী মানব সম্পদের দক্ষতা বাড়াতে শিক্ষা ব্যবস্থার বিশৃংখলা দূরীকরণ, জননিরাপত্তা নিশ্চিতকরণসহ সব ক্ষেত্রে যুগান্তকারী পদক্ষেপ নিয়ে জাতীয় উন্নয়ন ঘটাতে হবে।

পরে জাসদ সভাপতি হাসানুল হক ইনু কুষ্টিয়া জেলা জাসদের সম্মেলনে তৃতীয়বারের মতো হাজি গোলাম মহসিনকে সভাপতি এবং আব্দুল আলীম স্বপনকে সাধারণ সম্পাদক করে ৬৮সদস্য বিশিষ্ট জেলা কমিটির ঘোষণা

দেন।

এ সময় উপস্থিত ছিলেন জাসদ কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দসহ জেলা- উপজেলার নেতৃবৃন্দ। বর্ণাঢ্য আয়োজনের এই সম্মেলনের শেষ পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

মেপ্র/আরপি

সিনিয়রকে ‘দোস্ত’ বলায় ইবিতে সংঘর্ষ

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) সিনিয়র এক ছাত্রকে ‘দোস্ত’ বলায় ছাত্রদের মধ্যে সংঘর্ষ হয়েছে। সংঘর্ষ ঠেকাতে গিয়ে হিমেল চাকমা নামের এক ছাত্র আহত হয়েছেন। তাঁকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গত শনিবার রাত সাড়ে ১১টার দিকে ক্যাম্পাসের শহীদ জিয়াউর রহমান হলের সামনে এ ঘটনা ঘটে।

বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থীর ভাষ্য, গত শনিবার রাত সাড়ে ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী জেবিয়ারকে বন্ধু ভেবে ‘দোস্ত’ বলে সম্বোধন করে আইন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ছাত্র কামাল হোসেন।

এ নিয়ে জেবিয়ারের কাছে কামাল দুঃখপ্রকাশ করেন। কিন্তু কামালকে শাসিয়ে পরে দেখা করতে বলেন জেবিয়ার। কামাল তাঁর বন্ধুদের নিয়ে জিয়াউর রহমান হলে জেবিয়ারের সঙ্গে দেখা করতে যান। সেখানে কথা- কাটাকাটির একপর্যায়ে জেবিয়ারকে মারধর করেন কামাল ও তাঁর বন্ধুরা।

ঘটনা জানতে পেরে ছাত্রলীগের কয়েকজন নেতা সেখানে গিয়ে সমাধান করার চেষ্টা করেন। রাত সাড়ে ১১টার দিকে জিয়া হলের ২০৮ নম্বর কক্ষে কামাল অবস্থান করছেন জানতে পেরে জেবিয়ার তাঁর পক্ষের লোকজন নিয়ে কামালের কাছে যান।

এ সময় কামাল কক্ষ থেকে বের হননি। তখন জেবিয়ারের পক্ষের লোকজন দরজায় লাথি ও ইট-পাটকেল মারতে থাকেন। পরে তাঁরা হল থেকে বের হয়ে মোড়ে অবস্থান নেন। জিয়া হলসহ অন্য হলে থেকে আসা কামালদের পক্ষের লোকজনের সঙ্গে জেবিয়ারদের সংঘর্ষ বাঁধে। এ সময় উভয় পক্ষের নেতা- কর্মীদের হাতে দেশীয় অস্ত্র দেখা যায়।

সংঘর্ষে হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ছাত্র হিমেল চাকমা নামের এক ছাত্রলীগ কর্মী গুরুতর আহত হন। তাঁকে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনার জের ধরে জিয়াউর রহমান হলের ছাত্রলীগ কর্মী ইমতিয়াজের কক্ষ (৪১৫) ভাঙচুর করা হয়।

হাসপাতালে চিকিৎসাধীন হিমেল চাকমা বলেন, সংঘর্ষ ঠেকাতে গেলে তাঁকে পরিকল্পিতভাবে একটি পক্ষ মারধর করে। তাঁর কপালে চারটি সেলাই পড়েছে। চোখেও দেখতে সমস্যা হচ্ছে।

রাতের ঘটনা সম্পর্কে প্রক্টর পরেশ চন্দ্র বর্মণের মোবাইল ফোনে বলেন, ‘জরুরি মিটিংয়ে ব্যস্ত আছি, পরে কথা বলব।’

ইসলামী বিশ্ববিদ্যালয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গীর আরিফ বলেন, ‘আমি ভিসি স্যারের রুমে আছি, পরে কথা বলছি।’

মেপ্র/আরপি

সুপ্রিম কোর্ট এলাকায় কড়া নিরাপত্তা

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন শুনানিকে কেন্দ্র করে সুপ্রিম কোর্ট এলাকায় রোববার সকাল থেকেই ব্যাপক নিরাপত্তা লক্ষ্য করা গেছে।

সুপ্রিম কোর্টের মাজার গেটের প্রবেশপথে তল্লাশি এবং পরিচয়পত্র চেক করে জনসাধারণকে সুপ্রিমকোর্ট এলাকায় প্রবেশ করতে দিচ্ছে

আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা।

আদালত সূত্রে জানা যায়, জিয়া চ্যারিটেবল ট্রাস্ট মামলায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন আবেদনটি দিনের কার্যতালিকার এক নম্বর ক্রমিকে রয়েছে।

বিচারপতি ওবায়দুল হাসান ও বিচারপতি একেএম জহিরুল হকের হাইকোর্ট বেঞ্চে এ বিষয়ে শুনানি হতে পারে।

এর আগে ১৯ ফেব্রুয়ারি আবেদনটি উপস্থাপনের পর আদালত ২৩ ফেব্রুয়ারি দিন ধার্য করেছিলেন।

ওইদিন আদালতে আবেদনের পক্ষে ছিলেন আইনজীবী অ্যাডভোকেট খন্দকার মাহবুব হোসেন।

১৮ ফেব্রুয়ারি আবেদনটি হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় দায়ের করেন খালেদা জিয়ার আইনজীবী সগীর হোসেন লিয়ন।

এর আগে গত বছরের ১২ ডিসেম্বর এ মামলায় তার জামিন আবেদন পর্যবেক্ষণসহ খারিজ করে দিয়েছিলেন আপিল বিভাগ।

উন্নত চিকিৎসার জন্য খালেদা জিয়ার জামিন চেয়ে গত মঙ্গলবার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় আবেদনটি জমা দেয়া হয়।

বুধবার খালেদা জিয়ার আইনজীবী খন্দকার মাহবুব হোসেন আবেদনটি আদালতে উপস্থাপন করেন।

তখন বেঞ্চের জ্যেষ্ঠ বিচারক ওবায়দুল হাসান বলেছিলেন, এর আগে তো আমরা এই আবেদনটি খারিজ করেছিলাম। পরে আপিল বিভাগও সেটি বহাল রেখেছেন। জবাবে খন্দকার মাহবুব বলেন, আমরা তো আবারও আসতে পারি। জামিন চাইতে বারবার আসতে তো বাধা নেই। বিচারক তখন বলেন, ঠিক আছে, আমরা বিষয়টি রোববার শুনব।

শুনানিতে খন্দকার মাহবুব হোসেন বলেন, অসুস্থতা ও বয়স বিবেচনায় ‘মানবিক কারণে খালেদা জিয়ার জামিন চেয়ে আবেদনে বলা হয়, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে তার উন্নত চিকিৎসা হচ্ছে না। জামিন পেলে তিনি চিকিৎসার জন্য বিদেশে যেতে চান।

আবেদনকারীর (খালেদা জিয়ার) শারীরিক অবস্থার দিন দিন অবনতি হচ্ছে। তিনি এখন গুরুতর অসুস্থ। অন্যের সাহায্য ছাড়া চলাফেরা করতে পারেন

না, খেতে পারছেন না। এমনকি ওষুধও নিতে পারছেন না। তাই দ্রুত তাকে যুক্তরাজ্যের মতো উন্নত দেশে নিয়ে আধুনিক, উন্নত চিকিৎসা বা থেরাপি দেয়া প্রয়োজন। তার এই অসুস্থতার বিষয়টি বিবেচনায় নিয়ে আধুনিক উন্নত থেরাপি বা চিকিৎসার স্বার্থে নতুন করে জামিন আবেদনটি করা হয়েছে।

দুর্নীতির দুই মামলায় মোট ১৭ বছরের দণ্ড মাথায় নিয়ে কারাবন্দি সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া গত এপ্রিল থেকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) হাসপাতালে চিকিৎসাধীন। দল ও পরিবারের সদস্যরা তাকে অন্য হাসপাতালে নিতে চাইলেও তাতে অনুমতি মেলেনি।

সুত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

কুঠিবাড়ি পরিদর্শন করলেন ঢাকা উত্তর সিটির মেয়র আতিকুল

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত কুমারখালীর শিলাইদহের কুঠিবাড়ি পরিদর্শন করেছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নব নির্বাচিত মেয়র মো: আতিকুল ইসলাম।

গতকাল শনিবার দুপুরের দিকে কুমরাখালীতে পৌছালে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসলাম খান তাকে ফুলেল শূভেচ্ছা জানান। এসময় মেরের সহধর্মীনি উপস্থিত ছিলেন।

পরে তিনি কুঠিবাড়ীর চারিপাশ ঘুরে ঘুরে দেখেন এবং বকুলতলায় রবীন্দ্র শিল্পী গোষ্ঠীর শিল্পীদের সমন্বয়ে পরিবেশিত রবীন্দ্র সঙ্গীত শোনেন।

মেপ্র/আরপি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

টিএসসি মোড় থেকে জগন্নাথ হলের পূর্ব পাশের রাস্তা অর্থাৎ শিব বাড়ির পশ্চিম পাশ দিয়ে শহীদ মিনারে ও মেডিকেল কলেজে যাওয়ার রাস্তা, উপাচার্য ভবন গেট থেকে ফুলার রোড হয়ে ফুলার রোড মোড় পর্যন্ত রাস্তা এবং চানখাঁরপুল থেকে দোয়েল চত্বর পর্যন্ত রাস্তা (কার্জন হলের পশ্চিম পাশের রাস্তা) জনসাধারণের যাতায়াতের জন্য সম্পূর্ণ বন্ধ থাকবে।

এছাড়াও শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণের পর সেখান থেকে বিশ্ববিদ্যালয় খেলার মাঠের সামনের রাস্তা দিয়ে দোয়েল চত্বর ও পেছনের রাস্তা দিয়ে চানখাঁরপুল হয়ে শুধুমাত্র প্রস্থান করা যাবে, শহীদ মিনারের দিকে আসা যাবে না।

সুত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

‘আমার মন্ত্রী এমপি হওয়ার দরকার নেই, মন্ত্রী-এমপি বানানো দরকার’

জাকের পার্টি চেয়ারম্যান পীরজাদা মোস্তফা আমীর ফয়সল মুজাদ্দেদী বলেছেন, আমার এলাকাবাসী আমি সব সময় আপনাদের পাশে থাকতে চাই। আপনাদের ভালবাসতে চাই। আপনাদের ভালোবাসা পেতে চাই। আমার মন্ত্রী এমপি হওয়ার দরকার নেই। বরং মন্ত্রী-এমপি বানানো দরকার।

আজ বুধবার দুপুরে শেরপুরের পাকুরিয়ার বিশ্ব আবির্ভাব মঞ্জিলের মাঠে পাকুরিয়ার সর্বস্তরের এলাকাবাসীর বিশাল এক সমাবেশে বক্তৃতাকালে তিনি এসব কথা বলেন। সমাবেশ শেষে জাকের পার্টি চেয়ারম্যান পীরজাদা

মোস্তফা আমীর ফয়সল মুজাদ্দেদী এলাকার সমবেত ৫ হাজারের অধিক মানুষকে ভাত, গরুর গোশত, ডাল, দই ও মিষ্টি সহযোগে আপ্যায়ন করেন। নিজ হাতে প্লেটে খাবার তুলে দেন। পুরো আপ্যায়ন মঞ্চে বসে তদারকি করেন।

এ সময় তিনি জনগণের উদ্দেশ্যে বলেন, আমি আমার মাটি পাকুরিয়ার ভাষা ভুলে যাইনি। এখনো পুরো বলতে পারি।

বক্তৃতাকালে জাকের পার্টি চেয়ারম্যান বলেন, মূল ক্ষমতা হচ্ছে আদর্শ। আদর্শ যার থাকে তার ক্ষমতার লোভ থাকে না। টেকনাফ থেকে তেতুলিয়া যেখানে যাই, জনগণ সাড়া দেয়। বিশেষ প্রয়োজনে আমাকে নির্বাচন করতে হয়েছে। তবে তা এমপি হওয়ার জন্য নয়।

পীরজাদা মোস্তফা আমীর ফয়সল মুজাদ্দেদী বলেন, ইসলাম কোন ভূখণ্ড নয়। ভাষা নয়। ইসলাম হচ্ছে পথ। আল্লাহ প্রাপ্তির পথে নিরন্তর সাধনার পথ। এই শিক্ষা থেকে আমরা বিচ্যুত হয়ে গেছি।

সুত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম